দৈনিক সংবাদ

তারিখ ... 14 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ...

# ৭ দফা দাবি ঃ শিক্ষকরা প্রধানমন্ত্রীর দপ্তরে স্মারকলিপি দিয়েছেন

(নিজস্ব বার্তা পরিবেশক)

বেসরকারি কলেজ শিক্ষকদের বেতন বৃদ্ধি ও টাইম স্কেল প্রদানসহ ৭ দফা বাস্তবায়নের দাবিতে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল বুধবার দুপুরে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছে।

স্মারকলিপি দেয়ার আগে জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক সমাবেশে বক্তারা বলেন, প্রধানমন্ত্রী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের দাবি-দাওয়া মেনে নেয়ার ওয়াদা করার পরও বেসরকারি কলেজ শিক্ষকদের দাবি বাস্তবায়ন হয়নি। সরকার বেসরকারি স্কুল-মাদ্রাসার শিক্ষক টাইমস্কেল দিলেও কলেজ শিক্ষকদের তা দেয়নি।

সমিতির সভাপতি অধ্যাপক ডঃ ম আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে অন্যদের মধ্যে বক্তৃতা করেন অধ্যক্ষ মোঃ শাহজাহান, অধ্যক্ষ ইমদাদুল হক, অধ্যাপক আশরাফুল আলম, অধ্যাপিকা ফিরোজা আক্তার, অধ্যাপিকা হোসনে আরা, অধ্যাপক আবু বকর সিদ্দিকী ও অধ্যাপক সৈয়দ মোঃ ফজলুর রহমান।